



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/৮৩(০২)/

তারিখ:

বিষয় : সমাজ বিজ্ঞান বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০৭-০৮-২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০৮.০৪৩.২০১৫-৭৫৫ নং স্মারক পত্র।
খ) অধ্যক্ষ মহোদয়ের ২৭-০৮-২০১৬ তারিখের অনলাইনে প্রেরিত (আইডি নং-৭৩৮৩) আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আলোচ্য কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য সমাজ বিজ্ঞান বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি :-

- ১। অনুমোদিত বিষয়ে নিয়োগকৃত শিক্ষক-জনবলের বেতন ভাতাদী সংশ্লিষ্ট কলেজের স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৪। NTRCA সনদধারী শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে।
- ৫। মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে।
- ৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসেবে বিবেচিত হবে না।
- ৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় এ বিষয় খোলার আদেশ বাতিল বা স্থগিত করতে পারে।
- ৮। বে-সরকারী কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৯। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ১০। সরকার উপযুক্ত মনে করলে যে কোন সময় এ স্বীকৃতি/পাঠদান বাতিল বা স্থগিত করতে পারে।
- ১১। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ১২। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের বই ক্রয় করতে হবে।
- ১৩। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬৩৮।

অধ্যক্ষ

খানজাহান আলী আদর্শ মহাবিদ্যালয়

ফুলতলা, খুলনা।

স্মারক নং -ক/অ/৮৩(০২)/ ৮২৭

তারিখ : ২৪/১০/১৭

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, শাখা-৯ (কলেজ-৪), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে প্রচারের জন্য)
- ৬। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৮। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর।